website: www.bb.org.bd


**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা ।**


**০২ মে, ২০১৭**

**বিআরপিডি সার্কুলার লেটার নং-০৩** — তারিখ ঃ----------------------

**১৯ বৈশাখ, ১৪২৪**

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সব তফসিলী ব্যাংক**

প্রিয় মহোদয়,

**কাঁচাপাট রপ্তানীকারকদের বিরাজমান সমস্যা সমাধান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর ২৪ এপ্রিল, ২০১৭ তারিখের স্মারক নং- ৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৭-১০৯ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এতদ্‌সংঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তঃ বর্ণনানুযায়ী।

(আবু ফরাহ মোঃ নাছের)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২৫২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
নীতি ও আর্থিক প্রণোদনা শাখা
www.bfid.gov.bd

নং-৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৭-১০৭

তারিখ: ১১ বৈশাখ ১৪২৪
২৪ এপ্রিল ২০১৭

বিষয়: কাঁচাপাট রপ্তানীকারকদের বিরাজমান সমস্যা সমাধান প্রসঙ্গে।

সূত্র:
(১) মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৩.০০.০০০০.০৭৮.৪৮.০১০.১৬-২২২, তারিখ-০৬-০৯-২০১৬।
(২) বাংলাদেশ ব্যাংকের সূত্র নং-(ক) বিআরপিডি(এফআই)২৬০(গ)/২০১৭-১০৩০, তারিখ-১৯-০২-২০১৭।
(খ) বিআরপিডি(এফআই)২৬০(গ)/২০১৭-১৯৪৩, তারিখ-০৪-০৪-২০১৭।
(৩) মাননীয় অর্থমন্ত্রীর ইউ. ও নোট নং-অম/মন্ত্রী/২০১৭/০৪৯, তারিখ-২৬-০২-২০১৭।
(৪) বাংলাদেশ জুট এসোসিয়েশন এর সূত্র নং-জেজি/৬৭/২০১৬-২০১৭/১৩৬৪, তারিখ-২৬-০২-১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লেখিত পত্রসমূহের পরিপ্রেক্ষিতে কাঁচাপাট রপ্তানীকারকদের বিরাজমান সমস্যা সমাধানের লক্ষ্যে সরকার নিম্নরূপ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

(ক) কাঁচাপাট রপ্তানীকারকদের ৩১, মার্চ ২০১৭ ভিত্তিক ঋণ হিসাবের স্থিতি নিরুপনপূর্বক ২(দুই) বছরের মরাটরিয়াম সুবিধাসহ ১০(দশ) বছরের পরিশোধসূচি প্রদান করে ব্লক হিসাবে স্থানান্তর হবে;

(খ) হালনাগাদ লেজার বকেয়া এ সুবিধার আওতাভুক্ত হবে;

(গ) ঋণঝুঁকি নিরসন কৌশলের আওতায় ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে জামানত গ্রহণ করতে হবে;

(ঘ) ব্লক একাউন্টে স্থানান্তরিত ঋণের উপর Cost of Fund হারে সুদ আরোপ হবে;

(ঙ) ইতোপূর্বে ব্লক সুবিধা গ্রহণকারী ঋণ গ্রহীতাগণও এর আওতাভুক্ত হবেন;

(চ) ঋণ গ্রহীতার চাহিদা এবং ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নতুন ঋণ প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে;

(ছ) কাঁচাপাট রপ্তানী ব্যবসায় ক্ষতিগ্রস্ত হয়ে যাদের ঋণ অনিয়মিত ও শ্রেণীবিন্যাসিত হয়েছে তাদেরকেও এ সুবিধার আওতায় আনার ক্ষেত্রে কেসের গুণাগুণ (merit) অনুযায়ী কেস-টু-কেস ভিত্তিতে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বিবেচনা করা যেতে পারে;

(জ) ঋণ হিসাবগুলি ব্লক একাউন্টে স্থানান্তর হয়ে গেলে বিচারাধীন এতদসংক্রান্ত চলমান মামলাগুলো সোলেনামার মাধ্যমে উভয়পক্ষ কর্তৃক নিষ্পত্তি করা যেতে পারে।

২৪.৪.২০১৭
(মৃত্যুঞ্জয় সাহা)
উপসচিব
ফোন-৯৫৯২৪৫০
ই-মেইলঃ bfid.niti@gmail.com

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
(দৃঃ আঃ মহাব্যবস্থাপক, বিআরপিডি)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা [(দৃঃ আঃ পরিচালক, ১১(প্রতিকল্প)]
(২) সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৩) মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
(৫) চেয়ারম্যান, বাংলাদেশ জুট এসোসিয়েশন, বিজিএ ভবন, ৭৭, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।